০৯ সেপ্টেম্বর, মঙ্গলবার, ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

**৯৮তম অস্কারের ‘ ইন্টারন্যাশনাল ফিচার ফিল্ম এওয়ার্ড’ (বিদেশী ভাষা প্রতিযোগিতা) বিভাগে বাংলাদেশের ছবি মনোনয়নের জন্য বাংলাদেশী চলচ্চিত্র আহ্বান**

৯৮তম অস্কার বাংলাদেশ কমিটি “ইন্টারন্যাশনাল ফিচার ফিল্ম এওয়ার্ড” (বিদেশী ভাষা প্রতিযোগিতা) বিভাগে বাংলাদেশের ছবি মনোনয়নের জন্য বাংলা ভাষায় নির্মিত বাংলাদেশী চলচ্চিত্র আহ্বান করছে। ০১ নভেম্বর ২০২৪-এর পর এবং ৩০ সেপ্টেম্বর ২০২৫-এর আগে মুক্তি পাওয়া বাংলাদেশের প্রেক্ষাগৃহে ধারাবাহিকভাবে ৭ (সাত) দিন বাণিজ্যিক ভাবে প্রদর্শিত ইংরেজি সাব-টাইটেলসহ যেকোনো পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র বাছাই প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবে।

এই বাছাই প্রক্রিয়ায় অংশ নেওয়ার জন্য আগ্রহী চলচ্চিত্র প্রযোজকদের বাংলাদেশ ফেডারেশন অব ফিল্ম সোসাইটিজের (প্ল্যানার্স টাওয়ার, ৩য় তলা, ১৩/এ বীর উত্তম চিত্তরঞ্জন দত্ত রোড, বাংলামোটর, ঢাকা) কার্যালয় থেকে ছবি জমার ফরম ও বিস্তারিত নিয়মাবলী সংগ্রহ করে আগামী ১৬ সেপ্টেম্বর, ২০২৫ মঙ্গলবার, বেলা ৫টার মধ্যে জমা দেওয়ার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

অ্যাকাডেমি অব মোশন পিকচার আর্টস অ্যান্ড সায়েন্সেসের আয়োজনে ২০২৬ সালের ১৫ মার্চ অনুষ্ঠিত হবে ৯৮তম অস্কারের অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠান। যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসে ক্যালিফোর্নিয়ার ডলবি থিয়েটারে ২৪টি শাখায় দেওয়া হবে পুরস্কার। বেস্ট ইন্টারন্যাশনাল ফিচার ফিল্ম এওয়ার্ড সেগুলোরই একটি।

বার্তা প্রেরক

আব্দুল্লাহ আল মারুফ,
সমন্বয়ক, অস্কার বাংলাদেশি কমিটি,
বাংলাদেশ ফেডারেশন অব ফিল্ম সোসাইটিজ (বিএফএফএস)
ইমেইল: info.bffs@gmail.com